গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.dss.gov.bd

'শেখ হাসিনার দিনবদলে,
সমাজসেবা এগিয়ে চলে'

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.১১৭.১৮.২৮১

তারিখ: ১২ আশ্বিন ১৪২৫
২৭ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: **জনাব মীর মোঃ মনজুর মাহমুদ, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, মিরপুর, কুষ্টিয়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নং ৪৩/২০১৮ তারিখ: ২৭/০৯/২০১৮)।**

অভিযোগনামা

যেহেতু, জনাব মোঃ তৌফিকুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার, গাংনী, মেহেরপুর এর নিকট হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করে দেখা যায়, আপনি জনাব মীর মোঃ মনজুর মাহমুদ, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, মিরপুর, কুষ্টিয়া পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, গাংনী, মেহেরপুরে কর্মরত অবস্থায় ঠিকমত অফিস করেননি, ১২/০৭/২০১৮ হতে ২৯/০৭/২০১৮ তারিখ পর্যন্ত কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন, ১২/০৮/২০১৮ তারিখে বদলীর আদেশের প্রেক্ষিতে ১৯/০৮/২০১৮ তারিখ হতে আপনাকে অব্যাহতি প্রদান করা হলেও আপনি গাংনী উপজেলার ক্ষুদ্রঋণ তহবিলের হিসাব ও সামাজিক নিরাপত্তা কর্মসূচির যাবতীয় রেকর্ডপত্র বুঝিয়ে দেননি;

যেহেতু, উপরোক্ত অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী আপনাকে অধিদফতরের স্মারক নম্বর ২৫৯ তারিখ ১৮/০৯/২০১৮ যোগে সাময়িক বরখাস্ত করা হয়েছে;

যেহেতু, আপনার উপরোল্লিখিত কর্মকান্ড সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মীর মোঃ মনজুর মাহমুদ কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত : অভিযোগ বিবরণী-০১ পাতা।

১-১০-২০১৮
জুলিয়েট বেগম
পরিচালক

জনাব মীর মোঃ মনজুর মাহমুদ, ইউনিয়ন
সমাজকর্মী(সাময়িক বরখাস্ত),
উপজেলা সমাজসেবা কার্যালয়, মিরপুর, কুষ্টিয়া।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.১১৭.১৮.২৮১/১

তারিখ: ১২ আশ্বিন ১৪২৫
২৭ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

২) পরিচালক, কার্যক্রম অধিশাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৩) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, খুলনা।

৪) উপপরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৫) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুষ্টিয়া।

৬) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মেহেরপুর।

৭) সহকারী পরিচালক, অর্থ শাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৮) সহকারী পরিচালক, প্রশাসন-২ শাখা (নন-গেজেটেড), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৯) উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, গাংনী, মেহেরপুর।

১০) উপজেলা সমাজসেবা অফিসার, মিরপুর, কুষ্টিয়া।

১১) উপজেলা হিসাবরক্ষণ অফিসার, মিরপুর, কুষ্টিয়া।

১-১০-২০১৮

মোঃ সাফায়েত হোসেন তালুকদার

উপপরিচালক